

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বরঃ ২৪

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নিদাভঙ্গের পর হাত না ধূয়ে পানির পাত্রে প্রবেশ না করানো।

بَابٌ مَا جَاءَ إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنْ مَنَامِهِ فَلَا يَغْمِسْ يَدَهُ فِي الْإِنَاءِ حَتَّىٰ يَغْسِلَهَا

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، أَحْمَدُ بْنُ بَكَارٍ الدِّمْشِقِيُّ - يُقَالُ هُوَ مِنْ وَلَدِ بُشْرٍ بْنِ أَرْطَاهَ صَاحِبِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنِ الْأَوْزَاعِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيْبِ وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنَ اللَّيْلِ فَلَا يُدْخِلَ يَدَهُ فِي الْإِنَاءِ حَتَّىٰ يُفْرَغَ عَلَيْهَا مَرَّتَيْنِ أَوْ ثَلَاثَةَ فَإِنْهُ لَا يَدْرِي أَيْنَ بَاتَتْ يَدُهُ" . وَفِي الْبَابِ عَنْ أَبْنِ عُمَرَ وَجَابِرٍ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ الشَّافِعِيُّ وَأَحِبُّ لِكُلِّ مَنِ اسْتَيْقَظَ مِنَ النَّوْمِ قَائِلَةً كَانَتْ أَوْ غَيْرُهَا أَنْ لَا يُدْخِلَ يَدَهُ فِي وَضُوئِهِ حَتَّىٰ يَغْسِلَهَا فَإِنْ أَدْخَلَ يَدَهُ قَبْلَ أَنْ يَغْسِلَهَا كَرْهَتْ ذَلِكَ لَهُ وَلَمْ يُفْسِدْ ذَلِكَ الْمَاءَ إِذَا لَمْ يَكُنْ عَلَىٰ يَدِهِ نَجَاسَةً . وَقَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ إِذَا اسْتَيْقَظَ مِنَ النَّوْمِ مِنَ اللَّيْلِ فَأَدْخَلَ يَدَهُ فِي وَضُوئِهِ قَبْلَ أَنْ يَغْسِلَهَا فَأَعْجَبٌ إِلَيْهِ أَنْ يُهْرِيقَ الْمَاءَ . وَقَالَ إِسْحَاقُ إِذَا اسْتَيْقَظَ مِنَ النَّوْمِ بِاللَّيْلِ أَوْ بِالنَّهَارِ فَلَا يُدْخِلَ يَدَهُ فِي وَضُوئِهِ حَتَّىٰ يَغْسِلَهَا .

বাংলা

২৪. আবুল ওয়ালীদ আহমদ ইবনু বাক্তার আদ্দিমাশকী (রহঃ) আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন তোমাদের কেউ যদি রাতে ঘুম থেকে জেগে উঠে তবে সে হাতে দুই বা তিন বার পানি না ঢেলে তা পাত্রে তুকাবে না। কারণ, সে জানেনা তার হাত কোন কোন স্থানে রাত কাটিয়েছে। - ইবনু মাজাহ ৩৯৩, বুখারি ও মুসলিম, বুখারিতে সংখ্যার উল্লেখ নেই, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমর, জাবির ও আয়িশা রাদিয়াল্লাহু আনহা হতেও হাদীছ বর্ণিত রয়েছে। ইমাম আবু উস্মা

তিরমিয়ী (রহঃ) বলেন, এই হাদীছটি হাসান ও সহীহ। ইমাম শাফিউ বলেন, আমি ভাল মনে করি, দিনে হোক বা রাতে হোক ঘুম থেকে জেগে উঠে কেউ যেন হাত না ধুয়ে তা উয়ু (ওজু/অজু/অযু)র পাত্রে প্রবেশ না করায়। অধোত হাত পাত্রে প্রবেশ করানো আমি মাকরুহ মনে করি। কিন্তু হাতে কোন নাপাকী না থাকলে তাতে পানি ফাসিদ বা বিনষ্ট হবে না। ইমাম আহমদ ইবনু হাস্বাল বলেন, যদি রাতে কেউ জাগরিত হয় আর সে হাত না ধুয়ে তা উয়ুর পানি রাখা পাত্রে তুকিয়ে দেয় তবে সে পানি ফেলে দেওয়াই আমার নিকট উত্তম। ইসহাক (রহঃ) বলেন, রাতে বা দিনে যে কোন সময় ঘুম থেকে জাগরিত হলে হাত না ধুয়ে তা উয়ুর বরতনে তুকাবে না।

English

Abu Hurairah reported that the :

Prophet said: "When one of you awakens in the night, then let him not put his hand into the vessel until he has poured water on two times, or three times, for indeed he does not know where his hand has spent the night."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16347>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন